



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৬ মে, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৬ মে, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিকাল সাড়ে ৩ টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে আধুনিক ভাষা ইনস্টিটিউট এর আয়োজনে ভাষার রাজনীতিঃ বর্তমান প্রেক্ষাপট ও আমাদের করণীয় শীর্ষক উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, মাতৃভাষার জন্য এদেশের সূর্য সন্তানরা জীবন দিয়েছিল। তাদের রক্তের বিনিময়ে আজ আমরা মাতৃভাষা বাংলা পেয়েছি। বিশ্বায়নের এ যুগে অন্যান্য ভাষা শিক্ষার প্রয়োজনীয়তা থাকলেও মাতৃভাষা বাংলার গুরুত্ব যাতে অক্ষুণ্ণ থাকে, সে দিকে আমাদের সকলের সচেষ্টিত থাকতে হবে।

আধুনিক ভাষা ইনস্টিটিউট এর পরিচালক প্রফেসর ড. হিমাদ্রী শেখর রায় এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, উন্মুক্ত আলোচনায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. আবদুল্লাহ আল মামুন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রফেসর ড. ফারজানা সিদ্দিকা, বিশিষ্ট নৃতাত্ত্বিক লেখক একে শেরাম, সিলেট ইন্টার ন্যাশনাল ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক প্রনব কান্তি দেব, সিলেট ইন্টার ন্যাশনাল ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের প্রভাষক শামসুল কবির, দৈনিক সিলেটের ডাক এর চীফ এ্যাডিটর সিরাজুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আধুনিক ভাষা ইনস্টিটিউট এর প্রভাষক রিয়াজুল ইসলাম এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন আধুনিক ভাষা ইনস্টিটিউট এর প্রভাষক মাছুমা আক্তার।

রেজিস্ট্রার